

টাবি শিক্ষকদের পৃথক কর্মসূচি

■ ইত্তেফাক রিপোর্ট

নাশকতা ও সহিংসতা ভাগ করে শান্তিপূর্ণ উপায়ে গণতান্ত্রিক আন্দোলন করতে বিরোধী দলকে, এবং জননিরাপত্তা নিশ্চিত করতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আওয়ামী লীগ সমর্থক শিক্ষকরা, অন্যদিকে বিরোধী দলের আন্দোলন সমানে অন্যান্য-নির্বাচনের পথ পরিষ্কার এবং সুষ্ঠু নির্বাচনের স্বার্থে প্রধানমন্ত্রীকে পদত্যাগের আহ্বান জানিয়েছেন বিএনপি সমর্থক শিক্ষকরা।

দাবি ব্যতীয়ায় দুই পক্ষই রবিবার পৃথক কর্মসূচি পালন করেছে। অপরাজেয় বাংলার সামনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ যানারে মানববন্ধনের আয়োজন করে আওয়ামী লীগ ও বাম দল সমর্থিত নীল দল। অন্যদিকে 'সচেতন শিক্ষকবৃন্দ' যানারে বিশ্ববিদ্যালয়ের ডিসি চত্বর থেকে একটি

বৌন মিছিল নিয়ে জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ করে বিএনপি ও জামায়াত সমর্থিত সাদা দল।

অপরাজেয় বাংলায় অনুষ্ঠিত মানববন্ধনে বক্তারা বলেন, বিরোধী দল

আন্দোলনের নামে ভ্রুৎসংক্রান্ত দিকে এগিয়ে যাচ্ছে। তারা আন্দোলনের নামে দেশব্যাপী নানা ধরনের সহিংস কর্মকাণ্ড চালাচ্ছে। গাড়িতে আগুন দিয়ে মানুষকে পুড়িয়ে মারছে।

শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক হরিদ উদ্দিন আহমেদ বলেন, বিএনপি-জামায়াত যানবতা বিরোধী অপরাজেয়দের ধাঁচনোর জন্য নানা ঝড়ুয়ত্র করছে, তারা দেশকে একটি অস্থিতিশীল রাষ্ট্রে পরিণত করার পায়তারা করছে।

অধ্যাপক মো. আব্দুল্লাহ জামান বলেন, বিরোধী দলের সহিংসতার কারণে আগুনে পুড়ে যেভাবে মানুষ মারা যাচ্ছে তা আদিম বর্বরতারকো হার মানায়। গণতান্ত্রিক আন্দোলনের হরতাল-অবরোধে মানুষ সাজা দেয়, কিন্তু এভাবে মানুষ পুড়িয়ে মেরে হরতাল কেন? বিরোধী দলকে দায়িত্বশীল আচরণ ও তুনিকা পালন করতে হবে। একইসাথে জনগণের

নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব সরকারের।

নীল দলের আহ্বায়ক অধ্যাপক এম এ আজিজের সভাপতিত্বে মানববন্ধনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. আব্দুল কালাম, অধ্যাপক মো. হাদিবুর রশীদ, অধ্যাপক সৈয়দ আব্দুল বারক আলভী, অধ্যাপক অহিদুজ্জামান, অধ্যাপক আজিজুর রহমান, অধ্যাপক বাহুতুল্লাহ কাদেরী প্রমুখ।

এদিকে যোঝিত তফসিল বাতিল, বিরোধী দলীয় নেতাদের মুক্তি এবং নির্বাচনকালীন নির্দলীয় নিরপেক্ষ সরকারের দাবিতে বিশ্ববিদ্যালয়ের ডিসির বাসভবনের সামনে থেকে একটি বৌন মিছিল বের করে বিএনপি ও জামায়াত সমর্থিত সাদা দল। মিছিলটি জাতীয় প্রেস ক্লাবের সামনে গিয়ে এক সমাবেশে মিলিত হয়।

নাশকতা বন্ধের আহ্বান নীল দলের, সাদা দলের দাবি প্রধানমন্ত্রীর পদত্যাগ

সাদা দলের আহ্বায়ক অধ্যাপক সফরুল আমিন বলেন, প্রধানমন্ত্রী বিরোধী দল যে হরতাল চায় সেই হরতালই দেয়া হবে বলে ঘোষণা দিয়েছেন, কিন্তু বিরোধী দল কোনো হরতাল চায় না। সুষ্ঠু

ও নিরপেক্ষ নির্বাচন চায়। দেশের জনগণও তাই চায়। তাই দেশের শান্তি ও আপাততে গণতান্ত্রিক অগ্রযাত্রা অব্যাহত রাখার জন্য প্রধানমন্ত্রীর পদত্যাগই সমাধান আসবে।

সমাবেশে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য অধ্যাপক তাজমেরী এম এ ইসলাম নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনঃপ্রবর্তন করে প্রধানমন্ত্রীকে পদত্যাগের আহ্বান জানান। শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক মামুন আহমেদ বিএনপির কর্মীদের হামলা ও ভারতুরের নিন্দা জানান। এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- শিক্ষক সমিতির সহ-সভাপতি অধ্যাপক আব্দুল হোসেন হান, অধ্যাপক আমিনুর রহমান মজুমদার, অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসান, ড. লায়লা নূর ইসলাম, অধ্যাপক আবদুর রশিদ, অধ্যাপক মিজানুর রহমান, ড. মোহাম্মদ হিফিজুর রহমান খান, ড. মিল রওশন জিন্নাত আরা নাজমীন, অধ্যাপক ওবায়দুল ইসলাম, ড. আব্দুল হাসনাত প্রমুখ।